যুগান্তর

তারিখ 16 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ২

# ইবি ভর্তি আবেদনের সময় বৃদ্ধি : পরীক্ষার তারিখ পরিবর্তন

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার আবেদনের সময় বৃদ্ধি করা হয়েছে। এছাড়া ভর্তি পরীক্ষার তারিখও পরিবর্তন করা হয়েছে। শনিবার সকাল ১১টায় প্রশাসন ভবনের কনফারেন্স কক্ষে আয়োজিত বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়েছে বলে জানা গেছে।

সভা সূত্রে জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয়ে অনার্স (সম্মান) ১ম বর্ষে ভর্তি পরীক্ষার ফরম উত্তোলনের সময় ২০ অক্টোবর থেকে বৃদ্ধি করে ৩১ অক্টোবর পর্যন্ত করা হয়েছে। এছাড়া ভর্তি পরীক্ষার তারিখ পরিবর্তন করে ৪ থেকে ৮ ডিসেম্বর করা হয়েছে। এর আগে ১৯ থেকে ২৪ নভেম্বর ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারিত হয়েছিল। কিন্তু পাশাপাশি তারিখে ৬টি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সময় নির্ধারিত হলে জটিলতার সৃষ্টি হয়। তখন শিক্ষার্থীদের স্বার্থ বিবেচনা করে ভর্তি পরীক্ষার সময় পরিবর্তন করা হয় এবং ফরম উত্তোলনের সময়ও বৃদ্ধি করা হয়। উপাচার্য অধ্যাপক ড. রাশিদ্দ আসকারির সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. শাহিনুর রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সেলিম তোহা, প্রক্টর অধ্যাপক ড. মাহবুবর রহমান, ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. আনোয়ারুল হক স্বপন, অধ্যাপক ড. মিজানুর রহমান, রেজিস্ট্রার এসএম আবদুল লতিফ, সব অনুষদের ডিন এবং ভর্তি পরীক্ষা কমিটির সদস্যরা।